সংবাদ

তারিখ 27 AUG 2017
পৃষ্ঠা ১১ কলাম ৪

# কুবিতে পদোন্নতির নীতিমালা না মেনেই ভাইবা বোর্ড!

**প্রতিনিধি, কুবি (কুমিল্লা)**

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) কর্মকর্তাদের পদোন্নতির নীতিমালা না মানার অভিযোগ উঠেছে খোদ বিশ্ববিদ্যালয় প্রশাসনের বিরুদ্ধে। নীতিমালায় পদোন্নতির জন্য সুনির্দিষ্ট সময়সীমা উল্লেখ থাকলেও নির্দিষ্ট এক প্রার্থীর ক্ষেত্রে সেই সময়সীমা না মেনে পদোন্নতি দেয়ার জন্য পদোন্নতির বোর্ড ডেকেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এ নিয়ে বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে বিরাজ করছে তীব্র ক্ষোভ। জানা যায়, কর্মকর্তাদের পদোন্নতির জন্য ৫২ তম সিন্ডিকেট সভায় একটি সংশোধিত নীতিমালা গৃহীত হয়। নীতিমালা অনুযায়ী শাখা কর্মকর্তা (সেকশন অফিসার) থেকে সহকারী রেজিস্ট্রার পদে পদোন্নতির জন্য সংশ্লিষ্ট ব্যক্তির ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তার মধ্যে ৪ বছর এ বিশ্ববিদ্যালয়ের মধ্যেই তাকে কাজ করতে হবে। তবে দেখা যায়, বিশেষ এক প্রার্থীর ক্ষেত্রে

এ নীতিমালা মানছে না বিশ্ববিদ্যালয় প্রশাসন। সেকশন অফিসার জাকির হোসেনের ক্ষেত্রে দেখা যায়, তিনি ২০১৩ সালের ১৫ জানুয়ারি শাখা কর্মকর্তা হিসেবে যোগ দান করেন। একই সময়ে আরো কয়েকজন ব্যক্তিও কর্মকর্তা হিসেবে যোগদান করেন। চাকুরীর সময়সীমা অনুযায়ী তার চাকরির বয়স ৪ বছর ৭ মাস। পূর্বে চাকরির অভিজ্ঞতা ত্রুটিপূর্ণ থাকায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তার সেই অভিজ্ঞতা গ্রহণ করেনি বলে জানা যায়। ফলে নিয়মতান্ত্রিকভাবে জাকির হোসেনের পদোন্নতির জন্য অভিজ্ঞতা পূর্ণ হয়নি। কিন্তু দেখা যায় তার পদোন্নতির জন্যই শনিবার বোর্ড ডাকা হয়েছে বলে সংস্থাপন শাখা থেকে জানা যায়। শুধু তাই নয় সকালে পদোন্নতির ভাইবা বোর্ডের পর পরই অনুষ্ঠিত হবে সিন্ডিকেটের ৬৭তম সভা। এনিয়ে বিশ্ববিদ্যালয় কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে বিরাজ করছে তীব্র ক্ষোভ। নাম প্রকাশ না করা শর্তে একাধিক কর্মকর্তা বলেন, 'উপাচার্য নিজেই পদোন্নতির নিয়ম মানেন না।'

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ. ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/অবগতার্থে